দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

25

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজে রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ

চট্টগ্রাম অফিস ॥ প্রায় দুই-মাস বন্ধ থাকার পর চট্টগ্রাম মেডিকেল কলেজ খোলার ব্যাপারে কতিপয় সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। সম্প্রতি অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল ও ষ্টাফ কাউন্সিলের যৌথ সভার সিদ্ধান্ত অনুসারে কলেজ খোলার পর হইতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কলেজ ক্যাম্পাসে সকল ছাত্র সংগঠনের রাজনৈতিক কার্যক্রম অনির্দিষ্ট-কালের জন্য নিষিদ্ধ ঘোষণা

(৭ম পৃ: ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মেডিকেল কলেজ

(১ম পৃঃ পর)

করা হইয়াছে। কলেজ হাসপাতাল ও হোষ্টেল ক্যাম্পাসে সকল প্রকার সভা-সমাবেশ, বিক্ষোভ মিছিলসহ পোষ্টার ব্যানার ইত্যাদি লাগানো নিষিদ্ধ করা হইয়াছে। বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সকল প্রকার কার্যক্রমও বন্ধ থাকিবে। শুধু ছাত্র সংসদের কার্যক্রম একাডেমিক কাউন্সিলের পূর্ব অনুমোদন সাপেক্ষে চালু করা হইবে।

এদিকে আগামী ২৯শে নভেম্বর হইতে কলেজের সকল ক্লাস চালু করার প্রাথমিক পদক্ষেপ নেওয়া হইয়াছে। ২০ নভেম্বরের মধ্যে বর্তমানে কলেজ ও হাসপাতাল এলাকায় অবস্থানরত প্রত্যেক ছাত্রকেই কলেজ ও হাসপাতাল এলাকা ত্যাগ করিতে হইবে। উল্লেখিত সময়ের মধ্যে ক্যাম্পাসে শান্তি শৃংখলা প্রতিষ্ঠিত হইয়াছে প্রতীয়মান হইলে আগামী ২১ নভেম্বর হইতে যথাক্রমে প্রথম দুইদিন ৫ম বর্ষ, দ্বিতীয় ২ দিন ৪র্থ বর্ষ, তৃতীয় ২ দিন ৩য় বর্ষ এবং ৪র্থ ২ দিন ২য় বর্ষ ছাত্র-ছাত্রীদের জন্য হোষ্টেল খুলিয়া দেওয়া হইবে।

ছাত্র-ছাত্রীরা হোষ্টেলে প্রবেশ করার সময় হোষ্টেল পরিদর্শন কমিটি ও হোষ্টেল কমিটির সরাসরি তত্ত্বাবধানে, একাডেমীক কাউন্সিল ও ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক প্রণীত আচরণবিধিতে ছবি সংযুক্তসহ স্বাক্ষরপূর্বক তাহাদের নিজ নিজ সিট দখল নিতে হইবে। যাহারা স্বাক্ষর করিবে না তাহাদের সিট বাতিল হইয়া যাইবে।